কোটচাঁদপুরে কেমিক্যালমুক্ত ফল সংগ্রহ ও সরবরাহে সচেতনতামূলক সভা

কেমিক্যালমুক্ত ফল সংগ্রহ, সরবরাহ ও বাজারজাতকরণের লক্ষ্যে ফলচাষি ও ব্যবসায়ীদের নিয়ে সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুর উপজেলা পরিষদ মিলনায়তনে এ সভার আয়োজন করা হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট নোমান হোসেন। সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মিজ দীপা রানী সরকার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ঝিনাইদহের উপপরিচালক কামরুজ্জামান, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা সাধন সরকার, সহকারী কমিশনার (ভূমি) সোহেল রানা, উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদ হোসেন, কোটচাঁদপুর থানার ওসি (তদন্ত) আনসারুল্লাহ হক, উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক, পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাহউদ্দিন বুলবুল সিডল, উপজেলা জামায়াতের আমির আব্দুল কায়ুম, ফল বাজার সমিতির সভাপতি সিরাজুল ইসলাম, কৃষক প্রতিনিধি মোসা মাস্টার এবং সাংবাদিক এস এম রায়হান উদ্দিন।

সভায় জেলা প্রশাসক নোমান হোসেন কেমিক্যালের ক্ষতিকর দিক তুলে ধরে বলেন, অতিরিক্ত মাত্রায় কেমিক্যাল ব্যবহার মানুষের স্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি সৃষ্টি করছে। তিনি উদাহরণ হিসেবে বলেন, কিছু খাদ্যপণ্যে ক্ষতিকর রাসায়নিক ব্যবহারের কারণে মানুষের বিভিন্ন জটিল রোগ, বিশেষ করে ক্যান্সারের ঝুঁকি বাড়ছে।

তিনি আরও বলেন, অসাধু উপায়ে কেমিক্যাল ব্যবহারের কারণে বাংলাদেশ থেকে পানের রপ্তানি বন্ধ হয়ে গেছে এবং চিংড়ির বাজারও ক্ষতিগ্রস্ত হয়েছে। কোটচাঁদপুর দেশের অন্যতম বৃহৎ ফলের বাজার উল্লেখ করে তিনি বলেন, “অনেক কষ্টে গড়ে ওঠা এই বাজার কোনোভাবেই নষ্ট হতে দেওয়া যাবে না।”